

লাইব্রেরী

কর্মকর্তা, প্রশিক্ষার্থী ও ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণের মানোন্নয়ন ও গবেষণা কাজের জন্য একাডেমিক বিন্ডিং এর তৃতীয় তলায় একটি সুসজ্জিত ও সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। বর্তমানে লাইব্রেরিতে কম্পিউটার বিষয়ক ১৫৫০টি বইসহ ৮১০০টি বই রয়েছে। এছাড়া নেকটার গ্রন্থাগারে কম্পিউটার বিষয়ে জার্নাল, ম্যাগাজিন, দৈনিক সংবাদ পত্রসহ প্রচুর রেফারেন্স বই রয়েছে। গ্রন্থাগারে এক সাথে প্রায় ৫০জন পাঠক বসে বই পড়তে পারেন। চার বৎসর মেয়াদি Diploma in Computer Technology ছাত্র-ছাত্রীসহ ও একাডেমীর শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য বই ইস্যু করার ব্যবস্থা রয়েছে। লাইব্রেরিতে একটি মুক্তিযোদ্ধা কর্ণার রয়েছে যেখানে প্রায় ৩০০ মুক্তিযোদ্ধা বিষয়ক বই রয়েছে। নেকটারের শিক্ষক, কর্মকর্তা, প্রশিক্ষার্থী ও ছাত্র-ছাত্রীদের জ্ঞান বিকাশে দেশ-বিদেশের সংবাদ পাঠের জন্য লাইব্রেরিতে নিম্নলিখিত লিখিত জাতীয় ইংরেজী ও বাংলা পত্রিকা সংগ্রহ ও সংরক্ষণ করা হয়।

- ১। দৈনিক প্রথমআলো
- ২। দৈনিক ইত্তেফাক
- ৩। দৈনিক কালের কণ্ঠ
- ৪। দৈনিক করতোয়া
- ৫। বাংলাদেশ প্রতিদিন
- ৬। The Daily Star
- ৭। The Independent

হোস্টেল

নেকটার এ প্রশিক্ষণের জন্য আগত প্রশিক্ষার্থীদের আবাসন সুবিধা প্রদানের জন্য ৪ তলা বিবিষ্ট একটি পুরুষ ও একটি মহিলা হোস্টেল রয়েছে। পুরুষ হোস্টেলে ১৪০ জন পুরুষ প্রশিক্ষার্থীর আবাসন সুবিধা এবং মহিলা হোস্টেল ৪০ জন মহিলা প্রশিক্ষার্থীর আবাসন সুবিধা রয়েছে। এছাড়াও পুরুষ হোস্টেলে ০৪টি নন এসি এবং ০৬টি এসি ভিআইপি কক্ষ রয়েছে। যেখানে সরকারি/বেসরকারি লেভেলে কর্মরত অতিথিবৃন্দ অবস্থান করতে পারেন।

ক্যাফেটেরিয়া

নেকটার বগুড়াতে দেশের বিভিন্ন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/স্কুল/কলেজ ও মাদ্রাসা থেকে আগত প্রশিক্ষার্থী ও অতিথিদের আপ্যায়নের জন্য একটি ১৫০ আসন বিশিষ্ট সুসজ্জিত ক্যাফেটেরিয়া রয়েছে। এখানে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ একাডেমীর প্রশিক্ষার্থীগণ নির্ধারিত মূল্য পরিশোধের মাধ্যমে খাবার সুযোগ পেয়ে থাকেন।

বিভিন্ন সামাজিক অনুষ্ঠানাদি বিশেষত নেকটারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের পারিবারিক বিভিন্ন অনুষ্ঠানে স্বল্প মূল্যে ক্যাফেটেরিয়া ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন। অধিকন্তু কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সীমিত আকারে সমাজের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিজস্ব অনুষ্ঠানাদিতে ৪,০০০ টাকা হারে ক্যাফেটেরিয়া ব্যবহারের সুযোগ রয়েছে। এতে ভাড়ার ১৫% ভ্যাট ও ১০% সার্ভিস চার্জ প্রযোজ্য।

কনফারেন্স হল

ক্যাফেটেরিয়া বিল্ডিং এর দোতলায় রয়েছে একটি ১৫০ আসন বিশিষ্ট সুসজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কনফারেন্স হল। এই কনফারেন্স হলে সেমিনার সিম্পোজিয়াম ও ওয়ার্কসপের আয়োজন করা হয়ে থাকে। নেকটারে ছাত্র/ছাত্রী ও প্রশিক্ষার্থী এবং বিশেষত কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের পারিবারিক বিভিন্ন অনুষ্ঠানে স্বল্পমূল্যে কনফারেন্স হল ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন। অধিকন্তু কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সীমিত আকারে সমাজের বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিজস্ব অনুষ্ঠানাদিতে ৬,০০০ টাকা হারে কনফারেন্স হল ব্যবহারের সুযোগ রয়েছে। এতে ভাড়ার ১৫% ভ্যাট ও ১০% সার্ভিস চার্জ প্রযোজ্য।

মেডিক্যাল ইউনিট

একাডেমীর ছাত্র/ছাত্রী ও প্রশিক্ষার্থী ও একাডেমীর কর্মকর্তা/কর্মচারীগণের সার্বক্ষণিক প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে একজন এম.বি.বি.এস ডাক্তারের তত্ত্বাবধানে একটি মেডিক্যাল ইউনিট রয়েছে।

মসজিদ

একাডেমীর চত্বরের দক্ষিণ পূর্বকোণে শীতাতপ নিয়ন্ত্রিত মসজিদুন নেকটার নামে একটি জামে মসজিদ রয়েছে। মসজিদে একই সংগে ২৫০ জন মুসল্লি নামাজ আদায় করতে পারেন। একাডেমীর কর্মকর্তা, কর্মচারী ছাড়াও প্রশিক্ষার্থী, ছাত্র অতিথি ও এলাকাবাসি দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজসহ জুম্মার নামাজ আদায় করে থাকেন।

প্রশিক্ষণ যন্ত্রপাতি এবং কম্পিউটার ল্যাবরেটরী এর সুযোগ সুবধি

- ২৯০ টি আধুনিক উন্নতমানের কম্পিউটারসহ ০৮(আট) টি শীতাতপ নিয়ন্ত্রিত ০১টি সাধারণ কম্পিউটার প্রশিক্ষণ ল্যাব রয়েছে।
- ১টি কম্পিউটার মেরামত ও রক্ষনাবেক্ষণ ল্যাব।

- লোকাল এরিয়া নেটওয়ার্ক এবং ইন্টারনেট কন্ট্রোল এর লক্ষ্যে ০২টি সার্ভার কম্পিউটার রয়েছে।
- 20 টি মাল্টিমিডিয়া প্রজেক্টর।
- ইন্টারনেট সুবিধা(ব্যান্ড উইদথ 72 এম.বি.পি.এস)।
- প্রশিক্ষণ ক্লাস গ্রহণের জন্য একটি Interactive Flat Panel রয়েছে।
- ০২টি হোস্টেলসহ সমগ্র একাডেমীতে WIFI সুবিধা রয়েছে।
- ১১০ কে.ভি.এ জেনারেটরের মাধ্যমে একাডেমীতে সার্বক্ষনিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণ ব্যবস্থা রয়েছে।